গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭(অংশ-১)/২০০৮/৯২৫৪ তারিখঃ ২৯/১১/২০১৫ইং।

## অফিস আদেশ

বিষয়ঃ **এলজিইডি'র আওতাধীন বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয় সংক্রান্ত প্রস্তাব উন্মুক্তকরণের জন্য "প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি" এবং প্রস্তাব মূল্যায়নের জন্য "প্রস্তাব মূল্যায়ন কমিটি" পুনর্গঠন প্রসংগে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প খাতে বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয় সংক্রান্ত প্রস্তাব উন্মুক্তকরণ এবং মূল্যায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭ ও বিধি ৮ অনুযায়ী নিম্নরূপ "প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি" এবং "প্রস্তাব মূল্যায়ন কমিটি" পুনর্গঠন করা হলো। অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৬/০৮/২০১৫ইং তারিখের আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল অফিস আদেশ বাতিল করা হলো। উল্লেখ্য যে, স্থানীয় সরকার বিভাগের ০৮/০২/২০১৫ইং তারিখের ৪৬.০৬৮.০১০.০০.০০.০০৮.১৯৯১-১৮৪ নং স্মারকে মন্ত্রণালয় বা তদুর্ধ পর্যায়ের অনুমোদনের ক্ষেত্রে নিম্নোক্ত মূল্যায়ন কমিটির কাঠামো অনুমোদিত হয়েছে।

**প্রস্তাব উন্মুক্তকরণ কমিটিঃ (৭.০ কোটি টাকার অধিক)**

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্প পরিচালক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প। | চেয়ারম্যান | |
| ২। | উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প।<br>(অবর্তমানে নির্বাহী প্রকৌশলী (প্রশাসন/প্রকিউরমেন্ট/আইন/অডিট), এলজিইডি) | সদস্য/<br>সদস্য সচিব | অন্তত একজন সদস্য অবশ্যই সংশ্লিষ্ট প্রকল্পের হতে হবে এবং তিনি সদস্য সচিব হবেন। |
| ৩। | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প।<br>(জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষে)<br>(অবর্তমানে সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি) | সদস্য সচিব/<br>সদস্য | |

**প্রস্তাব মূল্যায়ন কমিটিঃ (৭.০ কোটি টাকার অধিক)**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | চেয়ারম্যান |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩। | স্থানীয় সরকার বিভাগের একজন প্রতিনিধি। | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৫। | সড়ক ও জনপথ অধিদপ্তর এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৭। | প্রকল্প পরিচালক, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প। | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

(১) আবেদনপত্র, আগ্রহ ব্যক্তকরনপত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করবে;
(২) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে;
(৩) মূল্যায়ন প্রতিবেদন বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।

মূল্যায়ন কমিটির চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে সদস্য সচিব প্রতিটি কাজের জন্য সংযুক্ত তালিকা হতে সড়ক ও জনপথ অধিদপ্তর এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধিকে (প্রাপ্যতাসাপেক্ষে) আমন্ত্রণ জানাবে। এছাড়া স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি মনোনয়নের জন্য 'উন্নয়ন অনুবিভাগ' সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন অনুবিভাগ প্রধান এবং 'নগর উন্নয়ন অনুবিভাগ' সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে নগর উন্নয়ন অনুবিভাগ প্রধানের নিকট সভার পত্র প্রেরণ করতে হবে।

২৯/১১/২০১৫

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি,......................... অঞ্চল, জেলাঃ......................... ।
৭। প্রকল্প পরিচালক (সকল)................................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ......................................... ।
৯। জনাব ........................................................................................................ ।

D:\e-GP Letter\e-GP Letter (Proposed 28-11-15).doc